দৈনিক সংবাদ

তারিখ ... 19.2.86 ...
পৃষ্ঠা ... 5 কলাম ... 5 ...

# ঝিনাইদহে প্রয়োজনীয় পাঠ্যবই এখনো পৌঁছেনি

ঝিনাইদহ, ১৮ই ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।---শিক্ষা বর্ষের দু'মাস শেষ হতে চললেও ঝিনাইদহ জেলার প্রাথমিক বিদ্যালয়গুলোর ছাত্র-ছাত্রীদের হাতে বিনামূল্যের প্রয়োজনীয় সংখ্যক সরকারী বই এখনো পৌঁছেনি। ফলে জেলার ৬টি উপজেলার ৪৯৬টি প্রাথমিক বিদ্যালয়ের ১ লাখ ৭৭ হাজার ছাত্র-ছাত্রীর লেখাপড়া দারুণভাবে বিঘ্নিত হচ্ছে।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস থেকে প্রাপ্ত তথ্যে দেখা যায়: জেলার ৬টি উপজেলা শৈলকুপা, কালীগঞ্জ, কোটচাঁদপুর, মহেশপুর, হরিণাকুণ্ডু ও ঝিনাইদহ সদরে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৪৯৬টি। এর মধ্যে ৩৯৬টি সরকারী এবং ১০০টি মঞ্জুরিপ্রাপ্ত বেসরকারী। এই ৪৯৬টি প্রাথমিক বিদ্যালয়ের মোট ছাত্রছাত্রী সংখ্যা ১,৭৭,০৬৫ জন। এর মধ্যে ১ম শ্রেণীতে ৪৬.৬৬৩ জন, ২য় শ্রেণীতে ৩৩,৫৩১ জন, ৩য় শ্রেণীতে ২৫,৯০১ জন, ৪র্থ শ্রেণীতে ১৯,৮৬৭ জন, ৫ম শ্রেণীতে ১৪.৯,৩১ জন ও শিশু শ্রেণীতে ৩৬,১৭২ জন। কিন্তু এ পর্যন্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করা হয়েছে মাত্র ১ লাখ ২২ হাজার সেট বই। বিতরণকৃত বইয়ের মধ্যে ১ম শ্রেণীর ৪০ হাজার সেট, ২য় শ্রেণীর ৩২ হাজার সেট, ৩য় শ্রেণীর ২১ হাজার সেট, ৪র্থ শ্রেণীর ১৫ হাজার সেট, ৫ম শ্রেণীর ১২ হাজার সেট এবং শিশু শ্রেণীর মাত্র ২ হাজার সেট। অবশ্য ৩য় শ্রেণীর ধর্ম (হিন্দু ও মুসলিম) ও ৫ম শ্রেণীর হিন্দু ধর্ম বই এখনো পাওয়া যায়নি; তা ছাড়া ৫ম শ্রেণীর সমাজপাঠ এসেছে মাত্র ৭ হাজার কপি। ৭ হাজার ৯শ' ৩১ কপি ৫ম শ্রেণীর সমাজপাঠ এখনো প্রয়োজন।

এ পর্যন্ত বিতরণকৃত বইয়ে ছাত্র-ছাত্রীদের চাহিদার মাত্র ৬৮ শতাংশ পূরণ হয়েছে, বাকী ৩২ শতাংশ ছাত্র-ছাত্রী বই পায়নি। বই না পাওয়া এই ৩২ শতাংশ ছাত্রছাত্রীর জন্যে আরও ৫৫

(২-এর পাতায় দেখুন)

## ঝিনাইদহ

(৬ষ্ঠ পাতর পর)

হাজার ৬৫ সেট বই প্রয়োজন।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসের একই সূত্র জানিয়েছে, শিশু শ্রেণীর সকল ছাত্রছাত্রীকে বই দেয়া হবে না। প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে ২০ কপি করে বই দেয়ার সরকারী নির্দেশ রয়েছে। এই হিসেবে জেলার ৪৯৬টি প্রাথমিক বিদ্যালয়ে শিশু শ্রেণীতে ৩৬.১৭২ জন ছাত্রছাত্রী থাকলেও বই দেয়া হবে মাত্র ৯,৯২০ জনকে। ফলে সরকারী হিসেবে শিশু শ্রেণীর বইয়ের প্রয়োজন ৭.৯২০ কপি। কিন্তু ছাত্রছাত্রী অনুপাতে বইয়ের প্রয়োজন ৩৪,১৭২ কপি।